সীমান্তের অতন্দ্র প্রহরী

বর্ডার গার্ড বাংলাদেশ এ যোগ দিন সীমান্ত রক্ষায় গর্বের অংশীদার হোন

ডিজিটাল পদ্ধতিতে ৯৮তম ব্যাচে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তির বিজ্ঞপ্তি

১। শিক্ষাগত যোগ্যতা, বেতন স্কেল ও বয়স।

ক্রমিক	বিবরণ	শর্তাবলী
ক।	শিক্ষাগত যোগ্যতা	এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)।
খ।	বেতনস্কেল	জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০ - ২১৮০০/- টাকা। তৎসহ বাড়ি ভাড়া, বাসস্থান এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি।
গ।	বয়স	০৮-৪-২০২২ তারিখে বয়স ১৮ হতে ২৩ বছর (জন্ম তারিখ ০৯-৪-১৯৯৯ হতে ০৮-৪-২০০৪ এর মধ্যে হতে হবে)। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয় (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)।

২। শারীরিক যোগ্যতা।

ক্রমিক	বিবরণ	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে	মহিলা প্রার্থীদের ক্ষেত্রে
ক।	উচ্চতা	১.৬৭৬ মিটার (৫'-৬") উপজাতীয়দের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫'-৪")	১.৫৭৫ মিটার (৫'-২") উপজাতীয়দের ক্ষেত্রে ১.৫২৪ মিটার (৫'-০")
খ।	ওজন	৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) উপজাতীয়দের ক্ষেত্রে ৪৭.১৭৮ কেজি (১০৪ পাউন্ড)	৪৭.১৭৮ কেজি (১০৪ পাউন্ড) উপজাতীয়দের ক্ষেত্রে ৪৫.৩৫৯ কেজি (১০০ পাউন্ড)
গ।	বুকের মাপ	স্বাভাবিক ৮১.২৮ সেন্টিমিটার (৩২ ইঞ্চি) স্ফীত ৮৬.৩৬ সেন্টিমিটার (৩৪ ইঞ্চি) উপজাতীয়দের ক্ষেত্রে ৭৬.২০ সেন্টিমিটার (৩০ ইঞ্চি) স্ফীত ৮১.২৮ সেন্টিমিটার (৩২ ইঞ্চি)	স্বাভাবিক ৭১.১২ সেন্টিমিটার (২৮ ইঞ্চি) স্ফীত ৭৬.২০ সেন্টিমিটার (৩০ ইঞ্চি)
ঘ।	দৃষ্টিশক্তি	৬/৬	৬/৬

৩। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (তালাকপ্রাপ্ত গ্রহণযোগ্য নয়)।

৪। অত্র বাহিনীর জনবল হ্রাস/বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক মহোদয় (নিয়োগকারী কর্তৃপক্ষ) জেলা কোটা কমবেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। ভর্তির তারিখ ও স্থান। এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৬। জেলা কোটা। সকল জেলাসমূহ হতে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তি করা হবে। ভর্তি কোটার সংখ্যা সীমিত।

৭। এসএমএস(SMS) এর জন্য প্রযোজ্য কোডসমূহ। রেজিস্ট্রেশনের জন্য এসএমএস (SMS) করতে প্রয়োজনীয় কোডসমূহ নিম্নরূপ।

ক। **HSC & SSC Board Keyword**। এসএমএস(SMS) প্রেরণের সময় এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার নিম্নবর্ণিত বোর্ড কী ওয়ার্ড ব্যবহার করতে হবে।

HSC& SSC Board Name & Board Keyword

Board Name	Board Keyword	Board Name	Board Keyword	Board Name	Board Keyword
Dhaka	DHA	Barishal	BAR	Madrasha	MAD
Rajshahi	RAJ	Sylhet	SYL	Bangladesh Open University (BOU)	OTH
Jashore	JAS	Dinajpur	DIN	Technical Board●	TEC/HBM/DIC/VOC [illegible]
Cumilla	CUM	Chattogram	CHA		
Diploma In Business Studies	DIBS	Mymensingh	MYM		

●Technical Board এর যে সকল প্রার্থীদের বোর্ডের কীওয়ার্ড পাওয়া যায় না সে সকল প্রার্থীগণকে SMS প্রেরণের সময় বোর্ড কী ওয়ার্ড হিসেবে OTH লিখে করতে হবে।

খ। **Home District Code**। এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত **Home District Code** ব্যবহার করতে হবে।

Home District Name & District Code

District Name	Code	District Name	Code	District Name	Code	District Name	Code
Panchagarh	01	Kushtia	17	Netrokona	33	Shariatpur	49
Thakurgaon	02	Meherpur	18	Mymensingh	34	Sunamgonj	50
Dinajpur	03	Chuadanga	19	Sherpur	35	Sylhet	51
Nilphamari	04	Jhenaidah	20	Jamalpur	36	Moulavibazar	52
Lalmonirhat	05	Magura	21	Tangail	37	Hobiganj	53
Rangpur	06	Narail	22	Kishorganj	38	Brahmanbaria	54
Kurigram	07	Jashore	23	Manikganj	39	Cumilla	55
Gaibandha	08	Satkhira	24	Dhaka	40	Chandpur	56
Joypurhat	09	Khulna	25	Gazipur	41	Laxmipur	57
Bogura	10	Bagerhat	26	Narsingdi	42	Noakhali	58
Naogaon	11	Pirojpur	27	Narayanganj	43	Feni	59
Natore	12	Jhalokati	28	Munshiganj	44	Chattogram	60
Nawabgonj	13	Barishal	29	Faridpur	45	Cox'sbazar	61
Rajshahi	14	Bhola	30	Rajbari	46	Khagrachari	62
Sirajganj	15	Patuakhali	31	Gopalgonj	47	Rangamati	63
Pabna	16	Barguna	32	Madaripur	48	Bandarban	64

৮। রেজিস্ট্রেশন। বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১ ও ২ অনুযায়ী আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা প্রার্থীগণ আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখ ১০০০ ঘটিকা হতে ২৪ অক্টোবর ২০২১ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ইংরেজিতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

৯। এসএমএস (SMS) এর মাধ্যমে রেজিস্ট্রেশন করার নিয়মাবলী:

■ বর্ডার গার্ড বাংলাদেশ এ সিপাহী (জিডি) পদে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ভর্তিচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীগণ টেলিটকের প্রিপেইড মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত তথ্যাবলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন:

BGB<Space>HSC PASS YEAR<Space>HSC BOARD KEYWORD<space>HSC ROLL<space>SSC PASS YEAR<space>SSC BOARD KEYWORD<space>SSC ROLL<space>HOME DISTRICT CODE<space>UPAZILLA NAME → SEND TO 16222

■ উদাহরণ: BGB 2020 DHA 236098 2018 DHA 405698 40 MIRPUR → SEND TO 16222

■ প্রার্থীদের এসএমএস (SMS) প্রাপ্তির পর তাৎক্ষনিক তথ্য যাচাই করে যোগ্য প্রার্থীদেরকে একটি পিন (PIN) নম্বর সম্বলিত এসএমএস (SMS) টেলিটক নম্বরে প্রেরণ করা হবে। অযোগ্য প্রার্থীদের অযোগ্যতার কারণ এসএমএস (SMS) এ উল্লেখ থাকবে।

■ যোগ্য প্রার্থীদের পিন (PIN) নম্বর প্রাপ্তির পর ১৫০.০০ টাকা আবেদন ফি প্রদান করতে ইচ্ছুক হলে পুনরায় টেলিটক মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নবর্ণিত তথ্যাদি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে:

BGB<space>YES<space>PIN NUMBER<space>CONTACT MOBILE NUMBER (any mobile operator) → SEND TO 16222

উদাহরণ: BGB YES 98409812 01XXXXXXXXX → SEND TO 16222

■ ভর্তি কার্যক্রমের ফি বাবদ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা কর্তন করা হবে বিধায় দ্বিতীয়বার মেসেজ প্রেরণের পূর্বে টেলিটকের প্রিপেইড মোবাইলের ব্যালেন্স এসএমএস (SMS) প্রেরণ চার্জসহ ন্যূনতম ১৬০.০০ (একশত ষাট) টাকা থাকা আবশ্যক। দ্বিতীয়বার এসএমএস (SMS) প্রাপ্তির পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বরসহ একটি কনফার্মেশন এসএমএস (SMS) টেলিটক ও প্রার্থীর নিজস্ব মোবাইলে প্রেরণ করা হবে।

■ ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য নিম্নলিখিত তথ্যাদি টাইপ করে টেলিটক প্রিপেইড মোবাইল হতে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন:

BGB<space>SOLDIER<space>HELP<space>SSC BOARD KEYWORD<space>SSC ROLL<space>PASSING YEAR<space>HOME DISTRICT CODE<space>UPAZILLA NAME → SEND TO 16222

উদাহরণ: BGB SOLDIER HELP DHA 405698 2018 40 MIRPUR → SEND TO 16222

■ শুধুমাত্র কনফার্মেশন মেসেজ প্রাপ্ত প্রার্থীদের এসএমএস (SMS) এ সরবরাহকৃত নিজস্ব মোবাইল নম্বরে পরবর্তীতে BGB এর নামে, বিজিবি অথবা টেলিটক নম্বর (০১৭২৬০২৪৮৯৮, ০১৮৬৭৬৬৯৭৭৭ অথবা [illegible]) এর মাধ্যমে পরীক্ষার স্থান, তারিখ ও অন্যান্য তথ্যাদি জানিয়ে এসএমএস (SMS) করা হবে।

■ পরীক্ষায় উপস্থিত হওয়ার তারিখ ও সময় সম্বলিত মেসেজ মুছে/ভুলে গেলে যেকোন টেলিটক নাম্বার থেকে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে নিম্ন লিখিত তথ্যাদি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন:

BGB<space>SOLDIER<space>HELP<space>ROLL<space>REGISTRATION NUMBER → SEND TO 16222

উদাহরণ: BGB SOLDIER HELP ROLL 98GD-010001 → SEND TO 16222

■ **ফি জমা দেওয়ার পর আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না।**

৯। প্রার্থীদের মেডিক্যাল ও লিখিত পরীক্ষা গ্রহণ। নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকে Fasting Sugar, HbA1C, HBs Ag, Anti HCV, Serum Creatinine এবং Dope Test সম্পন্ন করানো হবে। উল্লেখ্য, Fasting Sugar, HbA1C & Serum Creatinine রক্ত পরীক্ষায় যোগ্য, HBs Ag ও Anti HCV রক্ত পরীক্ষায় নেগেটিভ (Negative) এবং Dope Test (Urine) পরীক্ষায় Not Detected ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে সরকারের যথাযথ এজেন্সীর মাধ্যমে ভেরিফিকেশন প্রতিবেদন (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তথ্য প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

১০। ভর্তির সময় অবশ্যই যা সাথে আনতে হবে।

ক। এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষার পাসের মূল/প্রভিশনাল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ। সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পাসের প্রশংসাপত্র যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।

গ। অভিভাবকের অনুমতি পত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক সত্যায়িত।

ঘ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র।

ঙ। চারিত্রিক সনদপত্র।

চ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত সামনে থেকে ১১ (এগার) কপি পাসপোর্ট সাইজের ছবি (০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত)।

ছ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত অবিবাহিত সনদপত্র।

জ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঝ। http://www.bgb.gov.bd লিংকে প্রবেশ করে ভর্তিফরমের অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের তথ্যাদির ফরমে ক্লিক করতে হবে এবং পরবর্তী ভর্তিফরম প্রিন্ট পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতঃ ভর্তির সময় সাথে আনতে হবে।

ঞ। বিজিবি এর কর্মরত/অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যের সন্তানদের জন্য। প্রার্থীর সত্যায়িত ছবি, পিতার রেজিমেন্টাল নম্বর, পদবী, নাম উল্লেখ পূর্বক স্থায়ী ঠিকানা সম্বলিত সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি উপস্থাপন করতে হবে। এছাড়া কর্মরত বিজিবি সদস্যের সন্তানগণ পিতার বর্তমান পরিচয়পত্রের সত্যায়িত ছায়াকপি এবং অবসরপ্রাপ্ত, শহীদ ও মৃত বিজিবি সদস্যের সন্তানগণকে তার পিতার পেনশন বহি, কার্যচ্যুতি ছাড়পত্র ও পরিচয়পত্র (যা বিদ্যমান) [illegible] উপস্থাপনের জন্য সাথে আনতে হবে।

ট। মুক্তিযোদ্ধা, বিকেএসপি ক্রীড়াবিদ, আনসার ও গ্রাম প্রতিরক্ষা, উপজাতি এবং সরকারী শিশু (এতিম) সদন প্রার্থীদের জন্য প্রযোজ্য।

(১) মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান এর জন্য। মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান হিসেবে চিহ্নিত করার জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যয়নপত্র যা উপজেলা নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানের ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে। এছাড়া নিম্নবর্ণিত দলিলপত্র সাথে আনতে হবে:

(ক) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)/জন্ম সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) ও মৃত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে মৃত্যু সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

(খ) মুক্তিবার্তার ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য মুক্তিবার্তার প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।

(গ) সরকার কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধার গেজেটের ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য, গেজেটের প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।

(ঘ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র (মূলকপি)।

(ঙ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

(চ) মুক্তিযোদ্ধার সন্তান ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)।

(ছ) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র এবং নাতিদের ক্ষেত্রে পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র।

(২) বিকেএসপি'র ক্রীড়াবিদদের জন্য। বিকেএসপি'র কোন ক্রীড়াবিদ ক্যাডেট বিজিবিতে ভর্তির ক্ষেত্রে বিকেএসপি রেজিমেন্ট কমান্ডার কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।

(৩) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য। জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা এ্যাডজুটেন্ট এর প্রতিস্বাক্ষরিত, থানা কর্মকর্তা দ্বারা প্রদত্ত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।

(৪) উপজাতীয়দের জন্য। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি সনদপত্র উপস্থাপন করতে হবে।

(৫) সরকারী এতিমখানা শিশু (এতিম) সদন। সরকারী ও সরকারী নিবন্ধন প্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয় প্রত্যয়নপত্র যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বতন স্থায়ী ঠিকানা, জন্ম এবং এতিমখানা নিবাসের [illegible] উল্লেখ থাকতে হবে।

১১। খেলোয়াড়। আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী খেলোয়াড়গণকে অগ্রাধিকার দেয়া হবে। জাতীয় পর্যায়ে খেলোয়াড়/বিকেএসপি/বিভিন্ন ক্রীড়া একাডেমিতে প্রশিক্ষণরত ও সম্ভাবনাময় খেলোয়াড়গণকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে মান সনদ এবং দক্ষ খেলোয়াড়দের বিভিন্ন প্রতিযোগিতার সনদপত্র সাথে আনতে হবে।

১২। বিশেষ দ্রষ্টব্য।

ক। রেজিস্ট্রেশন নম্বর প্রদত্ত মোবাইল নম্বরের মোবাইল সেটটি অবশ্যই সাথে আনতে হবে। বিজিবি কর্তৃক প্রেরিত লিখিত মেসেজের প্রিন্ট বা ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

খ। বিজিবিতে ভর্তিচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীকে অবশ্যই সাঁতার জানতে হবে।

গ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দণ্ড প্রাপ্ত হলে বিজিবিতে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

ঘ। এক জেলার প্রার্থী অন্য জেলায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে অন্য জেলায় ভর্তি হয়েছে বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

ঙ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীকালে অসদাচরণের জন্য বহিষ্কৃত হলে সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

চ। ভর্তির জন্য আগত প্রার্থীদের কোনরূপ ভাতা প্রদান করা হবে না।

ছ। ভুল এসএমএস (SMS) গ্রহণযোগ্য হবে না এবং প্রার্থীর আবেদনপত্র বাতিল বিবেচিত হবে।

জ। ভর্তির জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে।

ঝ। ড্রাইভিং লাইসেন্সধারী এবং কম্পিউটার দক্ষ প্রার্থীদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

ঞ। মাদক বর্জন সংক্রান্ত। বিজিবিতে ভর্তি প্রক্রিয়ার ডাক্তারী পরীক্ষার সময় মাদকাসক্ত ব্যক্তি নির্ণয় করার জন্য Dope Test করা হয়।

১৩। ভর্তির সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পূর্বক "চাকুরী হতে বরখাস্ত" করে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৪। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির পর কোন প্রার্থীর জমাকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী আইনে বিচারের জন্য তাকে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৫। বিজিবি ওয়েব সাইট। ভর্তি সংক্রান্ত কোন তথ্যাদি প্রয়োজন হলে Visit করুন http://www.bgb.gov.bd

১৬। **HELP DESK.** এসএমএস সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য যে কোন মোবাইল ফোন হতে [illegible] নাম্বারে অথবা টেলিটক মোবাইল হতে ১২১ নম্বরে কল করুন।

করোনা স্বাস্থ্যবিধি মেনে চলুন এবং সামাজিক দূরত্ব বজায় রাখুন

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এ ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

১। বিজিবিতে সিপাহী পদে ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি ও মোবাইল এসএমএস এর মাধ্যমে নির্ধারিত তারিখ ও স্থান অনুযায়ী বিজিবি নিজেই [illegible] করে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।

২। আপনি আপনার যোগ্যতাবলেই বিজিবিতে সিপাহী পদের জন্য নির্বাচিত হবেন, কোন ব্যক্তির তদবির বা সুপারিশ আপনার যোগ্যতার প্রমাণ নয়।

৩। বিজিবিতে ভর্তির বিষয়ে কোন প্রকার আর্থিক লেনদেন [illegible] প্রমাণিত হলে চাকুরী জীবনের যে কোন সময় শাস্তি প্রদানপূর্বক বরখাস্ত করা হবে।

৪। বিজিবিতে কেবলমাত্র বিজ্ঞপ্তি অনুযায়ী সরাসরি যোগ্য ভর্তি ও নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। তাই ভর্তির ব্যাপারে প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। উৎকোচের বিনিময়ে বিজিবিতে কোন ভর্তি করা হয় না। কেউ প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী বাহিনীর নিকট সোপর্দ করুন।

৫। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য প্রদানে নিকটস্থ বিজিবি অফিসকে অবহিত করুন। প্রতারকের কবল থেকে নিজে বাঁচুন, অন্যকে বাঁচান।

উপ মহাপরিচালক
রেকর্ড উইং